বিষয় - ৬৪

সংবাদ

তারিখ 2 6 OCT 2007
পৃষ্ঠা ১ কলাম ৪

# এমবিবিএস ভর্তি পরীক্ষা আজ : আসনপ্রতি পরীক্ষার্থী ১২ জন

নিজস্ব বার্তা পরিবেশক

সরকারি মেডিকেল কলেজগুলোয় ২০০৭-০৮ শিক্ষাবর্ষে এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে আজ। দেশের ১৪টি সরকারি মেডিকেল কলেজে ২ হাজার ৬০টি আসনে ভর্তির জন্য ২৪ হাজার ৩৭১ জন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। প্রতি আসনে ১২ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। দেশের বিভিন্ন কেন্দ্রে সকাল ১০টায় শুরু হয়ে ১১টা পর্যন্ত এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ স্বচ্ছতা আনতে এবং পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়া ঠেকাতে এবারই প্রথম সরকার নিযুক্ত একাধিক গোয়েন্দা সংস্থা মাঠে নেমেছে। **পরীক্ষা** : পৃষ্ঠা : ২ ক : ৩

## পরীক্ষা: এমবিবিএস

(১ম পৃষ্ঠার পর)

সেই সঙ্গে র‌্যাপিড একশন ব্যাটালিয়ন-র‌্যাবের সদস্যদেরও নিয়োজিত করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

এ বছর দেশের ১৪টি সরকারি মেডিকেল কলেজে ২ হাজার ৬০টি আসনে ভর্তির জন্য ২৪ হাজার ৩৭১ জন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। গত বছরের তুলনায় এ বছর ভর্তিচ্ছুদের সংখ্যা বেড়েছে ৫ হাজারেরও বেশি। গত বছর একটি সিটের বিপরীতে ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল ৯ জন শিক্ষার্থী। এ বছর সেখানে প্রায় ১২ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় বসছে।

এ বছর কোন মৌখিক পরীক্ষা হবে না। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর কাটা হবে। সরকারি মেডিকেল কলেজগুলোয় ভর্তির ক্ষেত্রে শতকরা ৮০ ভাগ মেধাভিত্তিক এবং শতকরা ২০ ভাগ জেলা কোটাভিত্তিক ভর্তির সুযোগ থাকবে।